

কিপাশা
আকাশদীপ বন্দ্যোপাধ্যায়

এতো নয় শহরের কোনো পঙ্কিলাকীর্ণ নালিকা,
এ পর্বতের মেহে বেড়ে ওঠা এক বালিকা,
প্রবহমানতার আকুল আকাঙ্ক্ষায় সে গলিয়েছে তুমার,
ভূমিরূপের সঙ্গে মিলন তৃষ্ণায় সে বাড়িয়েছে পুসার,
তার স্ফটিকদৃষ্টি ঘূর্ণী মরে মাথা কুটে কুটে-
প্রবল উদ্দাম গতিতে সে সমতল পানে চলে ছুটে ছুটে।
কত উপলের সঙ্ঘাত সে নীরবে করেছে সহ্য,
কত বন্ধুর পথের অমোঘ বাধা করেছে সে অগ্নাহ্য।
কিপাশা-

বুকে তার সুদূর কে প্রত্যক্ষ করার দুরাশা।

ক্রমে শহরের অভিমুখে হয় সে ধাবিত,
তার স্রোতা স্রোতের গতি হয় আসে সীমিত।
কত পাথুরে জমিকে করে চলেছে সে উর্বর,
তার বেহিসেবী মন রাখাই না মোটে সে খবর।
সে যে দুরন্ত...সে যে মুক্ত-পাণ!

কিপাশা-

তীর যে তার সাগর মিলন পিপাসা।

সমতলে সে শান্ত-সমাহিত,
সেখানে আজ তার দৃষ্টি তিরোহিত।
প্রবেশ করেছে তাতে শহরের বিষ-নিঃশ্বাস-
ক্ষীণতর হয়ে উঠেছে জীবনের প্রতি তার বিশ্বাস
কেন পার্বত্যসুন্দরী কিপাশারা শহরে আসতে চায়?
তবে কী আজ নদীরাও নষ্ট হতে চায়?